# উপজেলা পরিষদ কার্যালয়
# জলঢাকা, নীলফামারী

**জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটিদ্বি-মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী।
স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ
তারিখ ঃ ১৪-০১-২০২৫ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.১৫ টা।

পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-

| ক্রমিক নং | নাম ও পদবী | উপাধী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, খুটামারা ইউনিয়ন পরিষদ, জলঢাকা, নীলফামারী | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, জলঢাকা, নীলফামারী | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জলঢাকা, নীলফামারী | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জলঢাকা, নীলফামারী | সদস্য-সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য সুচিঃ

১. জনস্বাস্থ্য বিষয়ক অগ্রগতি
২. অন্যান্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। সংশ্লিষ্ট সদস্য সচিবগণ শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১। | জনস্বাস্থ্য বিষয়ক অগ্রগতি | সভায় সদস্য সচিব ও সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বছরের জন্য বরাদ্দপ্রাপ্ত ১৩২টি অগভীর নলকূপ স্থাপন তালিকা চুড়ান্ত হয়েছে। জেলা কার্যালয়ের মাধ্যমে ঠিকাদার নিযুক্ত হলেই কাজ শুরু হবে। ৩৮টি স্মল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম এর কাজ এ সপ্তাহেই শুরু হবে। এছাড়াও বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ও টিএসপি(টিউবওয়েল উইথ সাবমারসিবল পাম্প) এর কাজ চলমান আছে। তিনি উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষন করে জানান ওয়াশব্লকগুলো কাজ সমাপ্তির পর এক বছর ঠিকাদারের ওয়ারেন্টি পিরিয়ড থাকে এ সময়ের মধ্যে কোন ত্রুটি পরিলক্ষিত হলে অত্রাফিস অবহিত করলে ঠিকাদারের নিটক তা সংস্কার করে নেয়া সম্ভব হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য সহকারী জনস্বাস্থ্য কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, জলঢাকা, নীলফামারী। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুল গফুর তালুকদার)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটি
জলঢাকা, নীলফামারী

(জায়িদ ইমরুল মোজাক্কিন)
প্রশাসক উপজেলা পরিষদ ও
সভাপতি
প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটি
জলঢাকা, নীলফামারী